



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা
www.dife.khulna.gov.bd
সভার কার্যবিবরণী ০১ জানুয়ারি ২০২৬

সভাপতি	সানতাজ বিল্লাহ উপমহাপরিদর্শক
সভার তারিখ	৩০/১২/২০২৫ খ্রিঃ
সভার সময়	সকাল ১০:০০ ঘটিকা
স্থান	উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে SDG ইন্ডিকের ৮.৮.১ বিষয়ক সভার কার্যক্রম শুরু করেন। দায়িত্ব প্রাপ্ত উপস্থাপক জনাব এস এম শাহজাদ কবির, সহকারী মহাপরিদর্শক (সেইফটি) উক্ত বিষয়ে আলোচনা করেন এবং অত্র কার্যালয়ের অধিক্ষেত্রধীন কারখানা/প্রতিষ্ঠান সমূহের মালিক এবং শ্রমিক প্রতিনিধিদের উক্ত আলোচনায় অংশগ্রহণ করে সংশ্লিষ্ট বিষয়ে তাদের মতামত ব্যক্ত করেন। আলোচনা সাপেক্ষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহিত হয়।

ক্রমিকনং	আলোচনারবিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি
১	বিগত সভা- কার্যবিবরণী নিশ্চিতকরণ	বিগত সভার এসডিজি বিষয়ক কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানানো হয়।	বিগত সভার কার্যবিবরণীতে কারো কোনো আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়।	এসডিজি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
২	উদ্বুদ্ধকরণ সভা আয়োজন	এসডিজি ইন্ডিকের ৮.৮.১ (লিঙ্গ ও অভিবাসনগত অবস্থানভেদে, পেশাগত কাজে মারাত্মক ও মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার কমিয়ে আনা) বাস্তবায়নের লক্ষ্যে কারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকের সমন্বয়ে অত্র কার্যালয়ে প্রতি মাসে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করা যেতে পারে।	কারখানা ও প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিকের সমন্বয়ে অত্র কার্যালয়ে প্রতি মাসে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে।	সকল কর্মকর্তা/পরিদর্শক
৩	শিশুশ্রম নিরসন	এসডিজি টার্গেট অনুযায়ী ২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর থেকে শিশুশ্রম নিরসন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে মহাপরিদর্শক মহোদয়ের নির্দেশনা প্রতিপালনের বিষয়ে আলোচনা হয়।	২০২৫ সালের মধ্যে সকল কাজ এবং সকল সেক্টর থেকে শিশু শ্রম নিরসন করতে হবে।	সকল কর্মকর্তা/পরিদর্শক

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সানতাজ বিল্লাহ

০৫-০১-২০২৬

সানতাজ বিল্লাহ

উপমহাপরিদর্শক

তারিখ: ২১ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.৪৭০০.০০০.১০৩.৯৯.০০২৩.১৯.৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।
- ২। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, অত্র কার্যালয়।



সানতাজ বিল্লাহ

০৫-০১-২০২৬

সানতাজ বিল্লাহ

উপমহাপরিদর্শক